



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University

‘গণিত বিভাগের নবীনবরণ ও সাংস্কৃতিক অনুষ্ঠান-২০১৮’ অনুষ্ঠিত



‘ওরে নবীন, ওরে আমার কাঁচা, ওরে সবুজ, ওরে আবুঝ, আধমরাদের ঘা মোরে তুই বাঁচা’ বিশ্ব কবি রবীন্দ্রনাথ ঠাকুরের কবিতার এই স্লোগানকে সামনে রেখে ৪ মার্চ-২০১৮, রবিবার গণিত বিভাগের উদ্যোগে ‘গণিত বিভাগের নবীনবরণ ও সাংস্কৃতিক অনুষ্ঠান-২০১৮’ বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান।

গণিত বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মোঃ রেজাউল করিম-এর সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. দীপিকা রাণী সরকার। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন নবীন বরণ উদযাপন কমিটির আহ্বায়ক ও গণিত বিভাগের অধ্যাপক ড. মোঃ আইয়ুব আলী। এছাড়াও বক্তব্য প্রদান করেন গণিত বিভাগের অধ্যাপক ড. পেয়ার আহম্মেদ।

অনুষ্ঠানে নবীন শিক্ষার্থীদের ফুল দিয়ে বরণ করা হয়। অনুষ্ঠান শেষে শিক্ষার্থীদের অংশগ্রহণে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়। এসময় বিভিন্ন বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।